



চাকরি পাওয়া এবং আপনার কমিউনিটিতে অংশগ্রহণ করা

পরিষেবার ধরন

OPWDD পরিষেবা প্রদানকারীরা বিকাশগত প্রতিবন্ধিতা আছে এমন ব্যক্তিদের বিভিন্ন দক্ষতা অর্জন করার সুযোগ দিয়ে তাদের নির্দিষ্ট লক্ষ্যে পৌঁছাতে সাহায্য করে। কারও কারও জন্য, এর অর্থ ভালো চাকরি করা এবং ক্যারিয়ারে উন্নতি করা। অন্যদের জন্য, এর অর্থ হতে পারে নতুন দক্ষতা অর্জন করা এবং তাদের কমিউনিটিতে অংশগ্রহণ করা, বা দুটোই। OPWDD পরিষেবা মানুষকে কাজ এবং কমিউনিটি-কেন্দ্রিক ক্রিয়াকলাপের মধ্যে সঠিক সমন্বয় করতে সাহায্য করে, যাতে তারা নিজেদের লক্ষ্য পূরণ করতে এবং আগ্রহের ভিত্তিতে চাকরি খুঁজে নিতে পারেন।

লোকজনকে তাদের লক্ষ্য পূরণ এবং কমিউনিটিতে অংশগ্রহণের জন্য সহায়তা করতে, নিম্নলিখিত পরিষেবাগুলি স্বতন্ত্রভাবে বা একসাথে ব্যবহার করা হতে পারে।

পাথওয়ে টু এমপ্লয়মেন্ট লোকজনকে নিজেদের দক্ষতা এবং আগ্রহের বিষয়গুলি শনাক্ত করতে সাহায্য করে।

এছাড়া, পাথওয়ে টু এমপ্লয়মেন্ট লোকজনকে চাকরির জন্য প্রয়োজনীয় অভিজ্ঞতা অর্জন করতে, চাকরির জন্য নতুন দক্ষতা শিখতে এবং ক্যারিয়ারের জন্য সঠিক পরিকল্পনা তৈরি করতে সাহায্য করে। পাথওয়ে টু এমপ্লয়মেন্ট পরিষেবাগুলি ব্যক্তির অন্যান্য ক্রিয়াকলাপের সাথে সাথে সময় নির্ধারিত করা যেতে পারে।

কমিউনিটি-বেসড প্রিভোকেশনাল পরিষেবা চাকরি সংক্রান্ত দক্ষতার প্রশিক্ষণ এবং ভোকেশনাল অভিজ্ঞতা প্রদান করে।

প্রিভোকেশনাল পরিষেবার মধ্যে অন্তর্ভুক্ত স্বেচ্ছামূলক কাজ, এতে লোকজন সাধারণ, চাকরির জন্য প্রয়োজনীয় দক্ষতা শিখতে পারে যা তাদের চাকরির পাওয়ার যোগ্যতা পূরণ করতে পারেন এবং চাকরিতে সফল হতে সাহায্য করবে। এছাড়া, কমিউনিটি-ভিত্তিক প্রিভোকেশনাল পরিষেবা লোকজনকে নতুন দক্ষতা অর্জন করতে সাহায্য করে যা তাদের নতুন চাকরি পাওয়ার জন্য যোগ্যতা লাভ করতে সাহায্য করে।

এমপ্লয়মেন্ট ট্রেইনিং প্রোগ্রাম সবেতন ইন্টানশিপ প্রদান করে যা কর্মসংস্থানের সুযোগ করে দেয়। ইন্টার্নরা বিভিন্ন ধরনের চাকরির প্রোফাইল অন্বেষণ করে, তাদের ক্যারিয়ার পরিকল্পনা করে এবং বিভিন্ন ধরনের চাকরির অভিজ্ঞতা অর্জন করে। এইসব অভিজ্ঞতার ভিত্তিতে, একটি স্থানীয় ব্যবসার সাথে ইন্টানশিপের রূপরেখা তৈরি করা হয়। ইন্টার্ন চাকরি করাকালীন, একজন এমপ্লয়মেন্ট সাপোর্ট প্রফেশনাল ইন্টার্নকে সহায়তা প্রদান করেন। নিয়োগকর্তার প্রয়োজন অনুসারে, কোনও ইন্টার্ন চাকরির জন্য আবশ্যিক টাস্কগুলি শিখে নিলে, ব্যবসা প্রতিষ্ঠানটি সরাসরি সেই ইন্টার্নকে নিয়োগ করে। সফলভাবে ইন্টানশিপ সম্পন্ন করার পরও, চাকরিপ্রার্থীকে ধারাবাহিকভাবে সাপোর্টেড এমপ্লয়মেন্ট সার্ভিসেস প্রদান করা হবে।

সাপোর্টেড এমপ্লয়মেন্ট সার্ভিসেস লোকজনকে তাদের ক্যারিয়ার পরিকল্পনা অনুসারে বেছে নেওয়া চাকরি পেতে, ধরে রাখতে এবং তাতে উন্নতি করতে সাহায্য করে। এমপ্লয়মেন্ট সাপোর্ট পেশাদার লোকজনকে এমন চাকরি খুঁজে পেতে সাহায্য করে যা তাদের দক্ষতা এবং আগ্রহের সাথে মানানসই হয়। সাপোর্টেড এমপ্লয়মেন্ট সার্ভিসেসে, লোকজন চাকরির জন্য প্রয়োজনীয় দক্ষতা অর্জন করে, স্বনির্ভরতা তৈরি করেন এবং কর্মক্ষেত্রে সাফল্য পান।

কমিউনিটি হ্যাভিলিটেশন সার্ভিসেস লোকজনকে, নিরাপত্তা, স্বনির্ভরতা, কমিউনিকেশন, ফাইন্যান্স ম্যানেজমেন্ট, সোশ্যাল স্কিল, কমিউনিটি অন্তর্ভুক্তি এবং ব্যক্তিগত শুশ্রূষার ক্ষেত্রে দক্ষতা অর্জন করতে সহায়তা করে। কমিউনিটি হ্যাভিলিটেশন সার্ভিসেসের রূপরেখা তৈরি করা হয়েছে লোকজনকে ব্যক্তিগত লক্ষ্য পূরণ করতে সহায়তা করার জন্য।

ডে হ্যাভিলিটেশন সার্ভিসেস লোকজনকে নতুন দক্ষতা শিখতে এবং তাদের কমিউনিটিতে সক্রিয়ভাবে অংশগ্রহণ করতে সহায়তা করে। লোকজন স্বেচ্ছাকর্মে হিসেবে কাজ করতে পারেন, প্রাপ্তবয়স্কদের শিক্ষা প্রদানের জন্য আয়োজিত ক্লাসে অংশগ্রহণ করতে পারেন এবং ক্লাব ও অন্যান্য প্রতিষ্ঠানে যোগ দিতে পারেন। সার্ভিসেস লোকজনকে আরও স্বনির্ভর করতে, নিরাপত্তা সংক্রান্ত দক্ষতা শিখতে, আগ্রহের বিষয়গুলি অন্বেষণ করতে, লক্ষ্য পূরণ করতে এবং চাকরির জন্য প্রস্তুতি নিতে সহায়তা করে।

OPWDD সাপোর্ট এবং সার্ভিসেস



কীভাবে OPWDD-এর যোগ্যতা পূরণ এবং প্রদত্ত সার্ভিসেসের জন্য আবেদন করবেন তা জানতে স্ক্যান করুন, বা এই লিঙ্কে যান <https://opwdd.ny.gov/get-started/front-door>.

OPWDD-এর এমপ্লয়মেন্ট এবং সার্ভিসেস সম্পর্কে প্রশ্ন আছে?

ইমেইল: employment.vocational.services@opwdd.ny.gov
বা day.community.services@opwdd.ny.gov



দেখতে স্ক্যান করুন: <https://opwdd.ny.gov/types-services/employment-services>



Office for People With
Developmental Disabilities